# মুরাদপুর গ্রামের মহিলাদের গর্ভাবস্থা এবং প্রসূতিকালীন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা

## একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা

## পেপার - DSE4



রেজিস্ট্রেশন নং - ১১৬০২৪৫ অফ ২০২০-২০২১

রোল নং - ১১১৬১১৬ - ২০০২৫৫


## হলদিয়া গভর্নমেন্ট কলেজ

## সমাজতত্ত্ব বিভাগ


## বি.এ ৬ষ্ঠ সেমিস্টার

## ২০২০-২০২১

## -: সূচীপত্র :-


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা ক্রমাঙ্ক |
|---|---|---|
| প্রথম | ভূমিকা | 1-4 |
| দ্বিতীয় | মুদ্রিত সাহিত্যের পর্যালোচনা | 5-8 |
| তৃতীয় | গবেষণা পদ্ধতি | 9-15 |
| চতুর্থ | গবেষণার উদ্দেশ্য | 16 |
| পঞ্চম | তথ্য বিশ্লেষণ | 17 |
| ক. | সামাজিক জনসংখ্যাগত তথ্যের বিশ্লেষণ | 18-62 |
| খ. | স্বাস্থ্য সচেতনতা ও মাতৃস্বাস্থ্য সংক্রান্ত তথ্যের বিশ্লেষণ | 63-66 |
| ষষ্ঠ | উপসংহার | 67 |
| | সংযোজন | |
| | গ্রন্থপঞ্জী | 68-69 |
| | চিত্র সারণী | 70-72 |
| | সাক্ষাৎকার অনুসূচী | |

## ঘোষণা পত্র

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, মুরাদপুর গ্রামের মহিলাদের গর্ভাবস্থা এবং প্রসূতিকালীন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা শীর্ষক যে গবেষণা কার্যটি উপস্থাপনা করেছি, যা সমাজতত্ত্বে স্নাতক ডিগ্রী লাভে করার একটি আংশিক প্রয়োজনীয়তা সিদ্ধ করে, তা আমি সহকারী, শ্রীমতী ড: অনন্যা চ্যাটার্জী-র অধীনে সম্পন্ন করেছি, এর সাথে আমি আরো অঙ্গীকার করছি যে, এই কার্যটি সম্পূর্ণ মৌলিক এবং এই কার্যটি আংশিক অথবা সম্পূর্ণভাবে অতীতে কোথাও উপস্থাপন করিনি বা ভবিষ্যতে ও করবনা।

| | |
|---|---|
| ------------------ | Swati Samanta |
| শিক্ষিকার স্বাক্ষর | পরীক্ষার্থীর স্বাক্ষর |
| ড: অনন্যা চ্যাটার্জী | স্বাতী সামন্ত, |
| শিক্ষিকার নাম | পরীক্ষার্থীর নাম |

তারিখ —

স্থান —

## কৃতজ্ঞতা স্বীকার

ভিন্ন ভিন্ন ব্যক্তির সাহায্য ও সহযোগিতা ছাড়া আমার পক্ষে এই সমীক্ষা সম্ভব হয় হতনা, হলদিয়া সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ পীযূষ কান্তি ত্রিপাঠী মহাশয় এই গবেষণাটি করার ক্ষেত্রে যেভাবে সাহায্য করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করি, আমি হলদিয়া সরকারি মহাবিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপিকা শ্রীমতী ডঃ অনন্যা চট্টোপাধ্যায়কে ধন্যবাদ জানাই সম্পূর্ণ গবেষণাটিতে সাহায্য দান করার জন্য, এছাড়াও সমাজতত্ত্ব বিভাগের অধ্যাপক ডঃ হাসিবুল রহমান এবং অধ্যাপিকা মৌতান রায় মহাশয়কে ধন্যবাদ জানাই তাদের সাহায্য ও সহযোগিতার জন্য, এবং সকল উত্তরদাতাদের ধন্যবাদ জানাই, যাদের ছাড়া এই গবেষণাটি সম্ভব হতো না, আমার সকল সহপাঠী বন্ধুদের সহযোগীতা ছাড়া তথ্যগুলি একত্রিত করা সম্ভব হয়ে উঠত না, সুতরাং তাদেরকেও ধন্যবাদ জানাই,

সর্বশেষে, পরিবারের পিতা-মাতা ও সদস্যদের ধন্যবাদ জানাই, যারা এই গবেষণাটি গড়ে তুলতে মনোবল, অর্থ ও সহযোগীতা দান করেছেন, এদের প্রত্যেকের সহযোগীতা ছাড়া এই গবেষণাটি রূপায়িত করা সম্ভব ছিলনা,

স্বাতী সামন্ত

## —: ভূমিকা :—

ভূমিকা – ব্রিটিশ সরকার ভারতবর্ষকে শাসন করতে করতে বুঝতে পেরেছিল যে, ভারতের গ্রামীণ অর্থনীতি ও সমাজব্যবস্থা নিয়ে আরো বেশি অধ্যয়ন ও সংগ্রহের প্রয়োজন রয়েছে, কারণ গ্রামীণ সমাজ নিয়ে তারা বেশ কিছু সমস্যার সম্মুখীন হয়েছিল, যেমন গ্রামীণ দুর্ভিক্ষ তাদের ভাবিয়ে-তুলেছিল। ১৯০১ সালের Famine Commission - এর রিপোর্ট অনুযায়ী ভারতে ১৭৫৭ থেকে ১৮৫৮ সালের মধ্যে ১২টি দুর্ভিক্ষ এবং ৪টি বড় ধরনের অন্নাভাব হয়েছিল, তাছাড়া ভারতে কৃষক অসন্তোষ ও দারিদ্র্যক্লিষ্ট হয়েছিল, এই সমস্ত দুর্ভিক্ষের পরিপ্রেক্ষিতে ব্রিটিশ প্রশাসকরা বুঝতে পারে যে ভারতের গ্রামসমাজ নিয়ে আরো গভীর অভিজ্ঞতামূলক গবেষণা ও অধ্যয়নের প্রয়োজন রয়েছে। এই উদ্দেশ্যে Dr. Harold H. Mann দাক্ষিণাত্যের গ্রামীণ অর্থনীতি নিয়ে বিস্তারিত অভিজ্ঞতামূলক তথ্য সংগ্রহ শুরু করেন।

১৮৯২ সালে B.H. Baden Powell তিনটি খণ্ডে 'The Land System of British india' নামে গ্রন্থটি প্রকাশ করেন, সেটি ছিল ব্রিটিশ ভারতের গ্রামসমাজের উপর অভিজ্ঞতামূলক গবেষণার একটি গুরুত্বপূর্ণ তথ্য ভান্ডার। যদিও গ্রামসমাজের উপর গবেষণা শুরু হয় Sir Henry Maine - এর আমল থেকেই।

প্রাচ্যবাদী ও উপনিবেশবাদী দৃষ্টিভঙ্গি যেভাবে ভারতীয় গ্রামসমাজকে দেখেছে জাতীয়তাবাদী দৃষ্টিভঙ্গি কিন্তু ভারতীয় গ্রামসমাজ সম্পর্কে কিছুটা ভিন্নমত

পোষণ করেছে, ঔপনিবেশিক প্রশাসকদের মতো জাতীয়তা-বাদীরা কিন্তু গ্রামকে স্বয়ংসম্পূর্ণ ভারতীয় সভ্যতার 'মূল-একক' হিসেবে দেখেনি বরং জাতীয়তাবাদীদের মূল প্রকৃত ভারতকে চেনা যায়। 'ভারতীয় গ্রামগুলির পরি-প্রেক্ষিতে' অর্থাৎ গ্রামসমাজ ভারতের প্রকৃত প্রতিনিধি, তাই ভারতকে চিনতে হলে গ্রামকে চিনতে হবে, জাতীয়তা-বাদী দৃষ্টিভঙ্গিতে গ্রাম হল একধরনের 'civilization entity', এই দৃষ্টিভঙ্গি অনুযায়ী, গ্রামসমাজ ছিল দেশাত্মবোধের প্রাণকেন্দ্র এবং তাই গ্রামগুলি জাতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে পারে, জাতীয়তাবাদী চিন্তাবিদদের অনুযায়ী ইংরেজ শাসন গ্রামগুলির স্বয়ংসম্পূর্ণতা নষ্ট করেছে, স্বশাসনকে নষ্ট করেছে, গ্রামগুলির মধ্যে সংহতি, সামাজিক একতা তা নষ্ট হয়েছে ঔপনিবেশিক শাসনের ফলে, M.N. Srinivas -এর মতে, একটি গ্রাম অধ্যয়নের মাধ্যমে ভারতের বৃহত্তর অংশে যে সামাজিক প্রক্রিয়া ও ঘটনাগুলি ঘটে চলেছে সেগুলিকে উপলব্ধি করা সম্ভব হবে,

গান্ধীজীর পর ভারতের জাতীয়তাবাদী আন্দোলনের অন্যতম প্রভাবশালী ব্যক্তি হলেন জওহরলাল নেহেরু, যদিও নেহেরু গান্ধীজীর নেতৃত্বে কাজ করেছেন এবং গান্ধীজীর প্রতি তাঁর শ্রদ্ধাও ছিল যথেষ্ট, তবুও ভারতের অতীত ও ভবিষ্যৎ সম্পর্কে নেহেরুর ধারণা

ও দৃষ্টিভঙ্গি ছিল গান্ধীজীর থেকে পৃথক.

সাবেকি ভারতীয় সমাজ সম্পর্কে নেহেরুর দৃষ্টিভঙ্গি আমরা খুঁজে পেয়েছি তাঁর রচিত 'Discovery of India' গ্রন্থে বিবর্তন মূলক দৃষ্টিভঙ্গি থেকে তিনি প্রাচীন ভারতের সমাজ কাঠামোকে পর্যালোচনা করেছিলেন. এই বিবর্তনমূলক দৃষ্টিভঙ্গির মাধ্যমেই তিনি গ্রাম ও জাতের জাত ব্যবস্থাকে বিশ্লেষন করেছেন, তিনি মন্তব্য করেছেন যে প্রাচীন ভারতীয় সমাজ কাঠামোতে তিনটি মূল উপাদান লক্ষ্য করা যায়, এগুলি হল গ্রামীন সম্প্রদায়, জাতব্যবস্থা এবং যৌথ পরিবার ব্যবস্থা, ভারতের সাবেকি গ্রাম সম্পর্কে নেহেরুর দৃষ্টিভঙ্গি মূলত ক্রিয়াবাদী প্রকৃতির, তিনি বলেছেন, গ্রামের বিভিন্ন জাতের কাজগুলি অন্যান্য জাতের কাজ গুলির র সাথে সম্পর্কযুক্ত, প্রত্যেক জাত নিজের নিজের জাতভিত্তিক পেশা বা কাজগুলি করে যায় এবং এভাবেই গ্রামসমাজে সামঞ্জস্য বজায় থাকে,

B.R. Ambedkar মূলত দলিত দৃষ্টিভঙ্গিতে ভারতের গ্রামসমাজকে ব্যাখ্যা করেছেন, অন্যান্য সমাজতাত্ত্বিক চিন্তাবিদদের মতো আম্বেদকর ও ভারতীয় সমাজ ও জীবনকে সংস্কৃতাগত ধারনা ও দৃষ্টিভঙ্গির মাধ্যমে বর্ননা করেছেন, তিনি মনে করতেন, ভারতীয় সভ্যতা হল মূলত হিন্দু সভ্যতা, দলিত সম্প্রদায় এই হিন্দু সমাজের অংশ নয় বলেই তিনি মনে করতেন,

গ্রামীণ সমাজ আলোচনাতেও এই একই বিষয় পরিলক্ষিত হয়, আম্বেদকর ভারতের গ্রামগুলির যে বাস্তব চিত্রটি তুলে ধরেছেন তা গান্ধীজী ও নেহেরুর থেকে সম্পূর্ণ ভিন্ন, তিনি মনে করতেন গ্রামগুলিতে সামাজিক বর্জন, শোষণ এবং অস্পৃশ্যতার শিকার হয় নিম্নজাতের দলিত সম্প্রদায়-গুলি। অস্পৃশ্যদের যেমন গ্রাম থেকে বাইরে বের করে দেয়, তেমনি উচ্চজাতের মানুষেরা বিভিন্ন ধর্মীয় উৎসব অনুষ্ঠানে তাদের অংশগ্রহণে বাধা দেয়, যখন গ্রামের সব সাধারণ মানুষ অনুষ্ঠানে মেতে থাকে তখন অস্পৃশ্যরা বিনা পারিশ্রমিকে নানা দৈহিক পরিশ্রমের কর্মগুলিতে রত থাকে।

সুতরাং, নেহেরু এবং আম্বেদকর ভারতের গ্রাম নিয়ে পৃথক পৃথক মত প্রকাশ করেন, গান্ধীজী গ্রামগুলির সংস্কার ও পুনর্গঠনের উপর জোর দেন। গ্রাম স্বরাজ প্রতিষ্ঠার লক্ষ্যে, আধুনিক শহর ও পাশ্চাত্য প্রযুক্তির বিকল্প রূপে তিনি গ্রামগুলিকে গড়ে তোলার কথা বলেন, যেখানে হিংসা, দুর্নীতি থাকবে না, অপর দিকে আধুনিক দৃষ্টিভঙ্গি থেকে গ্রামগুলির বিচার বিশ্লেষণ করেছেন, আম্বেদকর মূলত নিম্নবর্গীয় দৃষ্টিকোণ থেকে ভারতের গ্রামগুলিকে পর্যালোচনা করে দেখিয়েছেন যে, নিম্নবর্ণের মানুষেরা গ্রামীণ সমাজের বাইরে অবস্থান করে এবং গ্রামের হিন্দুজাত কর্তৃক অবদমিত, নিপীড়িত ও শোষিত হয়,

# মুদ্রিত সাহিত্যের পর্যালোচনা

এই অঞ্চলে মাতৃমৃত্যু হল সেই এলাকায় মহিলাদের প্রজনন স্বাস্থ্যের একটি পরিমাপ, প্রজনন বয়সের অনেক মহিলার গর্ভাবস্থা এবং প্রসবকালীন বা গর্ভপাতের সময় এবং পরবর্তী জটিলতার কারনে মৃত্যু হয়, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, গর্ভাবস্থায় সময়কাল এবং স্থান নির্বিশেষে গর্ভাবস্থায় বা এর ব্যবস্থাপনার কারনে তার ক্রমবর্ধমান কোনো কারনে গর্ভাবস্থায় বা গর্ভবিরতির 42 দিনের মধ্যে একজন মহিলার মৃত্যু হল মাতৃমৃত্যু, আকস্মিক বা আনুসাঙ্গিক কারন থেকে নয়।

মাতৃমৃত্যুর প্রধান সূচকগুলির মধ্যে একটি হল মাতৃমৃত্যুর অনুপাত, যা একই সময়ের মধ্যে প্রতি 100,000 জীবিত জন্মের জন্য একটি নির্দিষ্ট সময়ের মধ্যে মাতৃমৃত্যুর সংখ্যা হিসাবে সংজ্ঞায়িত করা হয়, জাতিসংঘ কর্তৃক নির্ধারিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার লক্ষ্য হল বিশ্বব্যাপী মাতৃমৃত্যুর অনুপাত প্রতি 100,000 জীবিত জন্মে 70-এর নীচে নামিয়ে আনা।

স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, ভারতের জনসংখ্যা আদমশুমারি পর্যালোচনা করা এবং দেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইনের বাস্তবায়ন পর্যবেক্ষন করা ছাড়াও, নমুনা ব্যবহার করে উর্বরতা এবং মৃত্যুহারের অনুমান প্রদান

করেছে, স্যাম্পল রেজিস্ট্রেশন সিস্টেম (SRS), SRS হল দেশের অন্যতম বৃহত্তম জনসংখ্যার নমুনা সমীক্ষা, যা অন্যান্য সূচকগুলির মধ্যে একটি তৃতীয় প্রতিনিধি, বর্তমানে বুলেটিন 2018-2020 সময়ের জন্য মাতৃমৃত্যুর মাত্রা প্রদান করে,

দেশের ~~মাতৃমৃত্যু~~ মাতৃমৃত্যুর পরিমিত অনুপাত ও অগ্রগতিকে বোঝার জন্য এবং বিশেষ করে অঞ্চলগুলির স্তরে যে পরিবর্তনগুলি ঘটেছে, তা মানচিত্র করার জন্য রাজ্যগুলিকে তিনটি গ্রুপে শ্রেণীবদ্ধ করা হয়েছে, বিহার, ঝাড়খণ্ড নিয়ে গঠিত 'এমপাওয়ারড অ্যাকশন গ্রুপ (EAG), এটা আনন্দের বিষয় যে ভারতে মাতৃমৃত্যুর অনুপাত বছরের পর বছর ধরে 2017-19 সালে 103 থেকে 2018-20 সালে 103 এবং 2014-14 সালে 103 থেকে 2018-20 সালে 97-এ নেমে এসেছে,

UNICEF স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক (MOHFW), মহিলা ও শিশু উন্নয়ন (MWCD), মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক (MWCD) এবং রাজ্য সরকারগুলির সাথে পরিকল্পনা প্রণয়ন এবং চাহিদা তৈরিতে সহায়তা করার জন্য কাজ করে, এটি উচ্চ ঝুঁকিপূর্ণ গর্ভবতী মহিলাদের এবং যাদের নাগালের বাইরে এবং সামাজিকভাবে সুবিধাবঞ্চিত তাদের ওপর দৃষ্টি আরোপ করে, সম্প্রদায়গুলি UNICEF

ভারত সরকারের বিভিন্ন হস্তক্ষেপ বাস্তবায়নের সমর্থন করে,

ভারত সরকার 2013 সালে প্রজনন, মাতৃত্বকালীন, নবজাতক শিশু এবং কিশোরী স্বাস্থ্য (RMNCH+A) কৌশলের গ্রহণ করেছে, এটি মূলত নারী ও শিশুদের মধ্যে ~~মৃত্যুর~~ মৃত্যুহার এবং অসুস্থতার প্রধান কারণগুলিকে মোকাবিলা করার লক্ষ্য রাখে, এই কৌশলে স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি ব্যবহারের বিশদ বুঝাতে সাহায্য করে,

বিভিন্ন NGO এবং স্বাস্থ্য বিষয়ক কর্মকর্তাদের নিকট থেকে প্রাপ্ত পরিসংখ্যান থেকে জানা যায়, প্রতিবছর বাংলাদেশে 35 লাখ মায়ের মধ্যে প্রায় 6 হাজার মা- নিরাপদ মাতৃত্বের অভাবে অর্থাৎ প্রসবকালীন জটিলতায় মারা যাচ্ছে, আর একজন মা - মারা যাওয়া মানে তার সেই- সন্তানের বেঁচে থাকা দায় হয়ে পড়ে।

এসব মায়ের মৃত্যু হচ্ছে ঝুঁকিপূর্ণ প্রসব, বিভিন্ন সূত্রে জানা যায়, বেশীর ভাগ মা - মারা যাচ্ছেন প্রধানত দুটি কারণে — 1) হেমারেজ অর্থাৎ সন্তান জন্ম দেওয়ার পর অতিরিক্ত রক্তপাত,

2) এক্লাম্পসিয়া অর্থাৎ খিঁচুনির দরুন, এই দুটি রোগ সম্পর্কে ধারণা থাকলে অনেক সময় অনেক মা, ঐ মৃত্যুর হাত থেকে বেঁচে যেতে পারে, এ দুটি রোগের চিকিৎসা অতি সহজ,

সেমরাটেইড এর হল মাত্র ১৪+১৪ = ২৮ টাকা মূল্যের দুটি বড়ি সাথে খাওয়ালে সেই রোগ থেকে পরিত্রাণ মেলে। মেগ্নাটেইডে ৩১ জন, অ্যাকলাম্পসিয়ায় ২০ জন মা প্রাণ হারায় প্রতি বছর। এ দেশে ৮২ জন বাড়িতে অদক্ষ দাই-র হাতে প্রসব হচ্ছে, যা সঠিক নয় এবং ঝুঁকিপূর্ণ।

অন্যদিকে বাংলাদেশের সিলেটের হবিগঞ্জের উপজেলা স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শনে দেখা যায় বিগত মার্চ ২০১৩ থেকে ২৮ মে ২০১৪ পর্যন্ত এক হাজার ১৩২টি শিশু প্রসব-কালীন জটিলতার কারণে সেবা নিয়েছে, এর মধ্যে ৩৭ টি শিশু মারা যায়, এফআইভিডি পরিচালিত এই স্বাস্থ্য কেন্দ্রে গড়ে প্রতি মাসে ৪১টি শিশু আসে সেবা নিতে।

আমাদের করণীয় - আমরা এই মা ও শিশুদের অকালে মরতে দিতে পারিনা, গণ মাধ্যমে আমাদের লিখতে হবে বা প্রচার করতে হবে মা ও শিশুর যত্ন সম্পর্কে এবং প্রসবের আগে ও পরে মা ও শিশুর স্বাস্থ্য কী ভাবে রক্ষা হয়, সে বিষয়ে জানাতে হবে, সরকার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে হবে কোথায় কোন এলাকায় গর্ভবতী মায়েদের সুচিকিৎসার অভাব রয়েছে।

একই সঙ্গে স্থানীয় মানুষকেও জানিয়ে দিতে হবে নিকটস্থ কোন হাসপাতাল বা সেবা কেন্দ্রে নিরাপদ মাতৃত্বের সুবিধাদি রয়েছে, যা জানাতে পারলে মানুষ সেই সব সেবা কেন্দ্র থেকে দ্রুত সেবা নিতে পারবে।

# গবেষণা পদ্ধতি

**সামাজিক গবেষণা:—** সামাজিক গবেষণা বলতে বোঝায় সমাজ ও ব্যক্তির বিশ্লেষণ, সমাজ ও ব্যক্তির জীবনে নিরপেক্ষ ও অভিজ্ঞতালব্ধ ব্যাখ্যা সামাজিক গবেষণার মূল প্রয়াস, সমাজ ব্যক্তি ক্রিয়ার সামগ্রিক রূপ, সামাজিক মিথ-ক্রিয়া সমাজের প্রাণ,

সামাজিক গবেষণা সামাজিক বৈজ্ঞানিক ব্যাখ্যার, বিশ্লেষণের সাহায্যে মানুষের আচার-আচরণ, ক্রিয়া-প্রতিক্রিয়া সম্পর্কে জানার চেষ্টা করে,

পলিন ভি ইয়ং -এর মতে, সামাজিক গবেষণাকে যৌক্তিক ও নিয়মতান্ত্রিক কৌশলের বিজ্ঞানভিত্তিক ব্যবস্থা হিসাবে সংজ্ঞায়িত করা যায়, যার উদ্দেশ্য হল —

1) নতুন সত্য বা ঘটনা আবিষ্কার অথবা পুরাতন ঘটনাকে যাচাই করা,

2) তথ্যের অনুক্রম, আন্তঃসম্পর্ক এবং কারণসহিত ব্যাখ্যার বিশ্লেষণ করা,

3) নতুন বিজ্ঞানভিত্তিক কৌশল, প্রত্যয় এবং তত্ত্ব সমূহকে উন্নত করা,

সামাজিক গবেষণাকে আমরা সমাজজীবনে অন্বেষণ, বিশ্লেষণ ও প্রশ্ন-বিবরণার একটি পদ্ধতিরূপে আখ্যা দিতে পারি, যার উদ্দেশ্য জ্ঞান বিস্তার, সংশোধন ও যাচাই, এ জ্ঞানতত্ত্ব ব্যবহারিক জীবনে সাহায্য করতে পারে,

সুতরাং, সামাজিক গবেষণা হল সামাজিক ঘটনাবলীর আচরণ বা সমস্যার সম্বন্ধে প্রণালী বদ্ধ ও যুক্তিনিষ্ঠ জ্ঞানের পরিবর্ধন,

ওয়েবার মার্ক -এর মতে, " জ্ঞান অর্জনই শুধু গবেষণার লক্ষ্য নয়, এর উদ্দেশ্য সমাজ জীবন সম্পর্কে জ্ঞানলাভ করে সেই জ্ঞান সমাজের জন্য প্রয়োগ করা,"

কে.ডি. বেইলি - তাঁর 'Methods of Social Research গ্রন্থে বলেন, সামাজিক গবেষণার উপাত্ত সংগ্রহের সাথে সম্পৃক্ত, যা সমাজের বিভিন্ন উপাদান সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে সহায়তা করে,'

সুতরাং, আমরা বলতে পারি উপরিউক্ত আলোচনার ভিত্তিতে মৌলিক বিষয় লক্ষ্য করা যায়, যথা— সামাজিক জীবন সম্পর্কে অনুসন্ধান, বিশ্লেষণ, ব্যাখ্যা ও তত্ত্ব গঠন করার সুসংবদ্ধ পদ্ধতি এগুলি থাকতে হবে নতুবা গবেষণা সম্ভব নয়,

গবেষণার নকশা :—

ফ্রেড. এন. কার্লিনগার -এর মতে, গবেষণার নকশা হচ্ছে গবেষণার প্রশ্নের উত্তর এবং ভেদ বা অমিল নিয়ন্ত্রণ করার পরিকল্পনা, কাঠামো ও কৌশল বিশ্লেষণ,

সি. আর. কোঠারি -এর মতে, গবেষণার নকশা হল প্রত্যয়গত কাঠামো যার মাধ্যমে গবেষণা পরিচালনা করা হয়, এটি তথ্য সংগ্রহ, পরিমাপ এবং বিশ্লেষণের নীল নকশা হিসাবে গঠন করা হয়,

আর্ল বেবি-এর মতে, গবেষণা নকশা বৈজ্ঞানিক অনুসন্ধানের পরিকল্পনা নির্দেশ করে নকশা কোনকিছু খুঁজে বের করার কৌশল বিশেষ,

P.V young -এর মতে, গবেষণার নকশা হল গবেষণার যৌক্তিক এবং নিয়মতান্ত্রিক পরিকল্পনা ও নির্দেশনা,

সুতরাং, গবেষণার উদ্দেশ্যকে অর্জন করার জন্য সুষ্ঠু ও সঠিক বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করে গবেষণা সম্পাদনের যৌক্তিক কর্ম পরিকল্পনাই হল গবেষণা নকশা,

গবেষণা নকশা প্রস্তুতকরন :—

(ক) প্রাথমিক উৎস - নির্দিষ্ট বিষয় সম্পর্কে প্রকৃত ও আবিষ্কৃত তথ্য প্রাথমিক উৎসরূপে বিবেচিত হয়,

(খ) সহায়ক বা গৌন উৎস — প্রাথমিক উৎস থেকে বিশ্লেষিত তথ্যই গৌন উৎস বলে বিবেচিত হয়,

সাক্ষাৎকার :— সামাজিক গবেষণায় প্রাথমিক উপাত্ত সংগ্রহের একটি অত্যন্ত জনপ্রিয় এবং বহুল প্রচলিত কৌশল হল সাক্ষাৎকার, বর্তমানে সামাজিক বিজ্ঞানের প্রতিটি শাখাতেই এ কৌশলটির গুরুত্ব ও ব্যবহার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে, এজন্য Benny and Hughes "সমাজবিজ্ঞানকে সাক্ষাৎকারের বিজ্ঞান" (The Science of the interview) বলে অভিহিত করেছেন, এ কৌশলের মাধ্যমে সাক্ষাৎ গ্রহনকারী এবং উত্তরদাতার মধ্যে সরাসরি সম্পর্ক স্থাপিত হয়, সাক্ষাৎ গ্রহনকারী উদ্দেশ্যমূলক কথোপকথনের মধ্য দিয়ে উত্তরদাতার নিকট থেকে প্রয়োজনীয় উপাত্ত সংগ্রহ করে থাকেন, সাক্ষাৎকার মূলত একটি মিথস্ক্রিয়ার প্রক্রিয়া সাক্ষাৎকার উপাত্ত সংগ্রহের একটি মৌখিক কৌশল হিসাবে স্বীকৃত।

**সাক্ষাৎকার অনুসূচী :-** একটি কাঠামোবদ্ধ সাক্ষাৎকার অনুসূচি অনেকটাই একটি প্রশ্নমালার মতো, সেক্ষেত্রে একটি প্রশ্নমালাকে সাক্ষাৎকার অনুসূচিতে বদল করে দেওয়া যায়, যেমন, এক সাক্ষাৎকারীদের জন্য নির্দেশাবলী স্পষ্টভাবে উল্লিখিত থাকতে হয়, দুই, প্রশ্ন আকারে বিষয়গুলির উল্লেখ থাকবে সাক্ষাৎকারী সহজেই স্পষ্টভাবে উত্তরদাতার কাছে তা উত্থাপন করতে পারেন, উত্তরদাতার উত্তরগুলো ও যত্ন নিয়ে রেকর্ড করা উচিত যাতে উত্তরদাতার কাছ থেকে উত্তরের বৈচিত্র্য সম্পূর্ণ ভাবে ধরা পড়ে, তিন, প্রশ্নগুলিকে সাজাতে হয়, যাতে উত্তরদাতা সহজেই উত্তর দিতে পারেন, এবং তার সাক্ষাৎকার দেওয়ার উৎসাহ প্রথম থেকে শেষ অবধি বজায় থাকে, সাক্ষাৎকারীদের জন্য স্পষ্ট নির্দেশাবলী দেওয়া জরুরি তার উপর নির্ভর করে, একটি অনুসূচীতে সাক্ষাৎকারীর সাক্ষাৎকারটি গ্রহণ করতে কতটা সময় লেগেছে কোথায় সাক্ষাৎকারটি সংগঠিত হয়েছে, দিনটি চিহ্নিত করা ইত্যাদি বিষয়গুলির ও উল্লেখ থাকা প্রয়োজন,

**মুক্ত প্রান্ত প্রশ্ন :-** যেসকল প্রশ্নের উত্তর উত্তরদাতা খোলাখুলি জানাতে পারে তার উত্তরের সীমাবদ্ধতা নেই, তাকে মুক্ত প্রান্ত প্রশ্ন বলে, এক্ষেত্রে উত্তর দেওয়ার খাতাটিতে যথেষ্ট জায়গা দেওয়া থাকে, যেখানে উত্তরদাতা তার সুনির্দিষ্ট মতামত জানাতে পারে,

সুবিধা — ১) হঠাৎ কোনো বিষয় সম্পর্কে জানতে এ ধরনের প্রশ্ন উপযোগী।
২) এ ধরনের প্রশ্নের উত্তর দিতে বেশি ভাবনাচিন্তার প্রয়োজন, ফলে উত্তরদাতা তাড়াতাড়ি উত্তর না দিয়ে ভেবে-চিন্তে উত্তর দেয়।

অসুবিধা — ১) এই ধরনের প্রশ্নের উত্তর প্রদান অনেক সময় সাপেক্ষ।
২) এই ধরনের প্রশ্নের উত্তর বহু ক্ষেত্রে অপ্রাসঙ্গিক হওয়ার সম্ভব থাকে।

উদা: — ১) স্বাস্থ্য বলতে কী বোঝ?
উ: — ........
২) গর্ভাবস্থায় সন্তান নষ্ট হয়ে থাকলে তার কারণ কী?
উ: — ..........

বহুপ্রান্ত প্রশ্ন: — যে সমস্ত প্রশ্নের সম্ভাব্য একাধিক উত্তর প্রশ্নকর্তা আগে থেকে নির্ধারিত করে প্রশ্নপত্রে দিয়ে থাকেন এবং উত্তরদাতা তার মত অনুযায়ী ঐ উত্তরগুলির মধ্যে থেকে একটিকে বেছে নেয় নির্দেশ মত দান দেন, তাকে বহুপ্রান্ত প্রশ্ন বলে।

যেমন — ১) আপনার লিঙ্গ?
১) পুরুষ / ২) মহিলা / ৩) অন্যান্য
২) আপনার ~~ধর্ম?~~ জাতি?
১) SC / ST / OBC / OBC-A / OBC-B / UR.
~~৩) আপ~~ ৩) পরিবারের ধরন?
১) অণু পরিবার / একান্নবর্তী পরিবার।

সুবিধা – 1) উত্তর দেওয়ার জন্য কম সময় লাগে।
2) এই পদ্ধতিতে তাৎক্ষণিক পরিমাণে তথ্য সংগৃহীত হয়।

অসুবিধা – 1) এই তৃতীয় প্রশ্নে উত্তরদাতার বেশি স্বাধীনতা নেই।
2) উত্তরদাতা এই ধরনের সংক্ষিপ্ত উত্তরের মধ্য দিয়ে গবেষক সঠিকভাবে তাকে মূল্যায়ন করতে পারেনা।

নমুনাচয়ন:— নমুনাচয়ন হল একটি বিজ্ঞানভিত্তিক পদ্ধতি যার মাধ্যমে সমগ্রক থেকে প্রতিনিধিত্বশীল নমুনা বা নির্বাচন করা হয়। বিশিষ্ট পরিসংখ্যানবিদ্ এস. পি. গুপ্ত এবং এম. পি. গুপ্ত তাঁদের 'Business Statistics' গ্রন্থে বলেন, নমুনাচয়ন হল একটি পদ্ধতি যার মাধ্যমে সমগ্রকের একটি অংশকে পরীক্ষা করে সমগ্রকের বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান লাভ করা হয়।

বিশিষ্ট সমাজবিজ্ঞানী ~~~~ জন. জার. বেরি এর মতে, "বৃহত্তর উপাদান সম্পর্কে সিদ্ধান্তে উপনীত হওয়ার লক্ষ্যে উপাদান থেকে কতিপয় উপাদান নির্বাচনের প্রক্রিয়াই হল নমুনাচয়ন।"

সুতরাং, নমুনাচয়ন হল এমন একটি পদ্ধতি, যার সাহায্যে সমগ্রকের একটি প্রতিনিধিত্বশীল অংশ পরীক্ষা করে সমগ্রকের বৈশিষ্ট্য সম্পর্কে ব্যক্তিসাপেক্ষ সিদ্ধান্তে উপনীত হওয়া যায়।

## গবেষণার ক্ষেত্র

গ্রাম পঞ্চায়েত → দিবাকরপুর।
Block / Subdivision → চণ্ডীপুর।
জেলা → পূর্ব মেদিনীপুর।
রাজ্য → পশ্চিমবঙ্গ।
পিন → 721625.
Area → 351.18 hectares
জনসংখ্যা → 3,753
Households → 813
নিকটবর্তী শহর → তমলুক (10km)

2011 সালের তথ্য জনসমীক্ষা তথ্য অনুসারে মুরাদপুর গ্রামের অবস্থান কোড বা গ্রামের কোড হল 345648, মুরাদপুর গ্রামটি ভারতের পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার চাঁদপুর মহকুমার মধ্যে অবস্থিত। তমলুক এবং চাঁদপুর থেকে মুরাদপুর গ্রামের জেলা ও উপজেলা সদর, 2009 সালের পরিসংখ্যান অনুসারে, দিবাকরপুর হল মুরাদপুর গ্রামের গ্রাম পঞ্চায়েত।

গ্রামের মোট ভৌগোলিক আয়তন 351.18 হেক্টর, মুরাদপুর গ্রামের মোট জনসংখ্যা 3,753 জন, যার মধ্যে পুরুষ জনসংখ্যা 1,901 জন এবং মহিলা জনসংখ্যা 1,852 জন। মুরাদপুর গ্রামের সাক্ষরতার হার 79.24%, যার মধ্যে 81.80% পুরুষ এবং 76.62% মহিলা স্বাক্ষর, মুরাদপুর গ্রামে প্রায় 813টি বাড়ি রয়েছে। মুরাদপুর গ্রামের পিনকোড - 721625. সমস্ত বড় অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য তমলুক মুরাদপুর-এর নিকটতম শহর, যা প্রায় 10 কিমি দূরে,

## গবেষণার উদ্দেশ্য

i) গ্রামীণ মহিলাদের গর্ভাবস্থা এবং প্রসূতি কালীন স্বাস্থ্য সম্পর্কে কিরূপ জানা।

ii) গ্রামীণ সমাজে গর্ভবতী মহিলাদের জন্য বিভিন্ন পরিষেবার সুবিধা কেমন আছে জানা।

iii) সদ্যোজাত সন্তানের স্বাস্থ্য সম্পর্কে মায়ের বা পরিবারের সচেতনতা কেমন জানা।

## গবেষণার সীমাবদ্ধতা

বিভিন্ন ক্ষেত্রে সামাজিক গবেষণার গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা সত্ত্বেও এর সীমাবদ্ধতা রয়েছে। কেননা পরিবর্তনশীল মানব-মনের ইচ্ছা-অনিচ্ছা, আবেগ ইত্যাদি সম্পর্কে সঠিক ও কার্যকরী তথ্য পাওয়া সবসময় সম্ভব হয়ে ওঠেনা, সামাজিক গবেষণার ক্ষেত্রে বিভিন্ন সীমাবদ্ধতা লক্ষ্য করেছি, গ্রামের কিছু মানুষ ছিলেন আন্তরিক অনুসন্ধানকারী এবং কিছু মানুষ আন্তরিক ছিলেননা, কিছু মানুষ আন্তরিক হওয়ায় গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য অনুসন্ধান গবেষণাকার্য সম্পাদন করতে হল, উপরন্তু বা তথ্য সংগৃহীত হওয়ার পরও সমস্যার কিছুটা থেকে গেল, কিন্তু অনেক ক্ষেত্রেই বিশ্লেষকরা পক্ষপাতমূলক আচরণ করে এবং তথ্য বিশ্লেষণে অসাবধানতার কারণে এ সমস্যার প্রকট আকার ধারণ করে, গবেষণার ক্ষেত্রে নজর রাখতে হয়েছিল যাতে প্রশ্নমালা ~~সহজ~~ সহজ-সরল হয়, যাতে উত্তরদাতার সঠিকভাবে উত্তর প্রদান করতে পারে এবং সেক্ষেত্রে সামাজিক গবেষণা সফল ভাবে হল, কিন্তু এক্ষেত্রেও অনেক মানুষ কিছু কিছু প্রশ্নমালায় উত্তর দিতে স্বাচ্ছন্দ্যবোধ করেননি,

সমস্যাসংকুল এ মানব পৃথিবীতে সমস্যার থেকে উত্তরণের জন্য সামাজিক গবেষণা অপরিহার্য,

# তথ্য বিশ্লেষণ

## সামাজিক জনসংখ্যাগত তথ্যের বিশ্লেষণ

সারণী নং - ২

উত্তরদাতার লিঙ্গ

| লিঙ্গ | উত্তরদাতার সংখ্যা (f) | শতকরা (%) |
|---|---|---|
| পুরুষ | 10 | ৯.০৯% |
| মহিলা | 100 | ৯০.৯০% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীর পরিপ্রেক্ষিতে 110 জন উত্তরদাতার মধ্যে পুরুষ হলেন 10 জন (৯.০৯%), মহিলা হলেন 100 জন (৯০.৯০%)।

## সারণী-2 উত্তরদাতার লিঙ্গ

| লিঙ্গ | উত্তরদাতার সংখ্যা | শতকরা (%) |
|---|---|---|
| পুরুষ | ১০ | ৯.০৯% |
| মহিলা | ১০০ | ৯০.৯০% |
| মোট | ১১০ | ১০০% |




উপরোক্ত সারণীতে উত্তরদাতার লিঙ্গের পরিপ্রেক্ষিতে ১১০ জন উত্তরদাতার মধ্যে পুরুষ হলেন ১০ জন (৯.০৯%), মহিলা ১০০ জন (৯০.৯০%),

সারণী - 3 **উত্তরদাতার বয়স**

| উত্তরদাতার বয়স | উত্তরদাতার সংখ্যা (f) | শতকরা % |
|---|---|---|
| 11 - 20 | 5 | 4.54% |
| 21 - 30 | 24 | 21.81% |
| 31 - 40 | 32 | 29.09% |
| 41 - 50 | 23 | 20.90% |
| 51 - 60 | 17 | 15.45% |
| 61 - 70 | 8 | 7.27% |
| 71 - 80 | 1 | 0.90% |

N = 110




উপরোক্ত সারণীতে মোট 110 জনের মধ্যে উত্তরদাতার বয়সের ভিত্তিতে 11 - 20 বয়স হল 5 জনের (4.54%), 21 - 30 হল 24 জন (21.81%), 31 - 40 হল 32 জন (29.09%), 51 - 60 হল 17 জন (15.45%), 61 - 70 হল 8 জন (7.27%) এবং 71-80 হল 1 জন (0.90%)।

সারণী → 3 **উত্তরদাতার বয়স**

| উত্তরদাতার বয়স | উত্তরদাতার সংখ্যা (F) | শতকরা(%) |
|---|---|---|
| 11-20 | 5 | 4.54% |
| 21-30 | 24 | 21.81% |
| 31-40 | 32 | 29.09% |
| 41-50 | 23 | 20.90% |
| 51-60 | 17 | 15.45% |
| 61-70 | 8 | 7.27% |
| 71-80 | 1 | 0.90% |

N = 110




উপরোক্ত সারণীতে মোট 110 জনের মধ্যে উত্তরদাতার বয়সের ভিত্তিতে 11-20 বয়স হল 5 জনের (4.54%), 21-30 হল 24 জন (21.81%), 31-40 হল 32 জন (29.09%) 51-60 হল 17 জন (15.45%), 61-70 হল 8 জন (7.27%) এবং 71-80 হল 1 জন (0.90%),

সারণী-4 উত্তরদাতার ওজন

| উত্তরদাতার ওজন | উত্তরদাতার সংখ্যা | শতকরা% |
|---|---|---|
| 40-kg-এর নীচে | 14 | 12.72% |
| 41-50 kg | 32 | 29.10% |
| 51-60 kg | 33 | 30% |
| 61-70 kg | 18 | 16.37% |
| 71-80 kg | 3 | 2.72% |
| জানেনা 10জন | 10 | 9.10% |
| | N=110 | 100% |




উপরোক্ত সারণীতে ওজন-এর ভিত্তিতে উত্তরদাতাদের ক্ষেত্রে মোট 110 জনের (100%)-এর মধ্যে 40-kg এর নীচে 14 জন (12.72%), 41-50 kg-এর মধ্যে 32 জন (29.10%), 51-60kg-এর মধ্যে 33 জন (30%), 61-70kg-এর মধ্যে 18 জন (16.37%), 71-80 kg-এর মধ্যে হল 3 জন (2.72%), এবং জানেনা উত্তরদাতার সংখ্যা 10 জন (9.10%),

সারণী–4 উত্তরদাতার ওজন

| উত্তরদাতার ওজন | উত্তরদাতার সংখ্যা | শতাংশ(%) |
| --- | --- | --- |
| 40kg-এর নীচে | 14 | 12.72% |
| 41-50kg | 32 | 29.10% |
| 51-60kg | 33 | 30% |
| 61-70kg | 18 | 16.37% |
| 71-80kg | 3 | 2.72% |
| জানিনা 10 জন | 10 | 9.10% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে ওজন-এর ভিত্তিতে উত্তরদাতাদের ক্ষেত্রে মোট 110 জনের (100%)-এর মধ্যে 40kg-এর নীচে 14 জন (12.72%), 41-50kg-এর মধ্যে 32 জন (29.10%), 51-60kg-এর মধ্যে 33 জন (30%), 61-70kg-এর মধ্যে 18 জন (16.37%), 71-80kg-এর মধ্যে 3 জন (2.72%), এবং জানেনা উত্তরদাতার সংখ্যা 10 জন (9.10%),

সারণী – 5 উত্তরদাতার ধর্ম

| উত্তরদাতার ধর্ম | উত্তরদাতার সংখ্যা (F) | শতকরা % |
|---|---|---|
| হিন্দু | 106 | 96.37% |
| মুসলিম | 4 | 3.63% |
| অন্যান্য | 0 | 0% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে ধর্মের প্রেক্ষাপটের ক্ষেত্রে 110 জনের (100%) -এর মধ্যে হিন্দু হলেন 106 জন (96.37%), এবং মুসলিম 4 জন (3.63%), এবং অন্যান্য ধর্ম পাওয়া যায়নি।

সারণী-5 উত্তরদাতার ধর্ম

| উত্তরদাতার ধর্ম | উত্তরদাতার সংখ্যা (F) | শতকরা (%) |
|---|---|---|
| হিন্দু | 106 | 96.37% |
| মুসলিম | 4 | 3.63% |
| অন্যান্য | 0 | 0% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে ধর্মের প্রকারভেদের ক্ষেত্রে 110 জনের (100%) এর মধ্যে হিন্দু হলেন 106 জন (96.37%) এবং মুসলিম হলেন 4 জন (3.63%) অন্যান্য ধর্ম পাওয়া যায়নি।

সারণী -6 উত্তরদাতার জাতি

| উত্তরদাতার জাতি | উত্তরদাতার সংখ্যা(F) | শতকরা % |
|---|---|---|
| SC | 18 | 16.37% |
| ST | 3 | 2.72% |
| OBC-A | 11 | 10% |
| OBC-B | 1 | 0.90% |
| UR | 77 | 70% |
| মোট | 110 | 100 |




উপরোক্ত সারণীতে জাতির প্রকারভেদের ক্ষেত্রে মোট উত্তরদাতার 110 জনের (100%) -এর মধ্যে SC 18 জন (16.37%), ST 3 জন (2.72%), OBC-A হলো 11 জন (10%), OBC-B হলো 1 জন (0.90%), UR হলো 77 জন (70%),

সারণী-7 রক্তের বিভাগ

| রক্তের বিভাগ | f | শতকরা% |
|---|---|---|
| A+ | 21 | 18.19% |
| A- | 1 | 0.90% |
| B+ | 27 | 24.54% |
| B - | 1 | 0.90% |
| AB+ | 11 | 10% |
| AB- | 1 | 0.90% |
| O+ | 26 | 23.63% |
| O - | 1 | 0.90% |
| জানিনা | 22 | 20% |
| | N=110 | 100% |




উপরোক্ত সারণীতে রক্তের বিভাগ -এর ক্ষেত্রে 110 জনের (100%) -এর মধ্যে A+ বিভাগের 20 জন (18.19%), A- বিভাগের 1 জন (0.90%), B+ বিভাগের 27 জন (24.54%), B - বিভাগের 11 জন (0.90%), AB+ বিভাগের 11 জন (10%), AB- বিভাগের 1 জন (0.90%), O+ বিভাগের 26 জন (23.63%), O- বিভাগের 1 জন (0.90%), রক্তের বিভাগ জানে না 22জন (20%),

## সারণী - ৪ উত্তরদাতার পেশা

| উত্তরদাতার পেশা | উত্তরদাতার সংখ্যা (F) | শতকরা % |
|---|---|---|
| গৃহবধূ | 60 | 54.54% |
| শ্রমিক | 34 | 30.90% |
| চাকরি | 7 | 6.36% |
| কৃষক | 4 | 3.63% |
| ছাত্র | 1 | 0.90% |
| ব্যবসা | 4 | 3.63% |
| | মোট = 110 | 100% |




উপরোক্ত সারণীতে উত্তরদাতার পেশা -এর ক্ষেত্রে 110 জনের (100%) -এর মধ্যে গৃহবধূ হলেন 60 জন (54.54%), শ্রমিক 34 জন (30.90%), চাকুরীজীবি হলেন 7 জন (6.36%), কৃষক 4 জন (3.63%), ছাত্র হলেন 1 জন (0.90%), ব্যবসা 4 জন (3.63%),

সারণী -২৪ উত্তরদাতার পেশা

| উত্তরদাতার পেশা | উত্তরদাতার সংখ্যা | শতকরা (%) |
|---|---|---|
| গৃহবধূ | 60 | 54.54% |
| শ্রমিক | 34 | 30.90% |
| চাকরি | 7 | 6.36% |
| কৃষক | 4 | 3.63% |
| ছাত্র | 1 | 0.90% |
| ব্যবসা | 4 | 3.63% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে উত্তরদাতার পেশা -এর মোট 110 জনের (100%) -এর মধ্যে গৃহবধূ হলেন 60 জন (54.54%), শ্রমিক 34 জন (30.90%), চাকরিজীবি হলেন 7 জন (6.36%), কৃষক 4 জন (3.63%), ছাত্র 1 জন (0.90%), ব্যবসায় 4 জন (3.63%)

সারণী - ৭ কর্তার সাথে উত্তরদাতার সম্পর্ক

| কর্তার সাথে উত্তরদাতার সম্পর্ক | উত্তরদাতার সংখ্যা (F) | শতকরা% |
|---|---|---|
| নিজেই কর্তা | 8 | 7.27% |
| স্বামী | 81 | 73.63% |
| ছেলে | 4 | ~~[illegible]~~ 3.63% |
| শ্বশুর | 13 | 11.81% |
| শাশুড়ি | 3 | 2.72% |
| বাবা | 1 | 0.90% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে কর্তার সাথে উত্তরদাতার সম্পর্কের ক্ষেত্রে 110 জনের (100%) -এর মধ্যে নিজেই কর্তা হলেন 8 জন (7.27%), স্বামী হলেন 81 জন (73.63%), ছেলে হলেন 4 জন (3.63%), শ্বশুর হলেন 13 জন (11.81%), শাশুড়ি হলেন 3 জন (2.72%), বাবা হলেন 1 জন (0.90%)।

সারণী -10 উত্তরদাতার বৈবাহিক মর্যাদা

| উত্তরদাতার বৈবাহিক মর্যাদা | উত্তরদাতার সংখ্যা | শতকরা |
|---|---|---|
| বিবাহিত | 100 | 90.90% |
| অবিবাহিত | 3 | 2.72% |
| বিধবা | 5 | 4.54% |
| বিবাহ বিচ্ছিন্ন | 2 | 1.81% |
| মোট | 110 | 100% |




উপরোক্ত সারণীতে উত্তরদাতাদের বৈবাহিক মর্যাদার ভিত্তিতে 110 জন (100%) এর মধ্যে বিবাহিত 100 জন (90.90%,) অবিবাহিত 3 জন (2.72%), বিধবা 5 জন (4.54%), বিবাহ বিচ্ছিন্ন 2 জন (1.81%),

সারণী-12 কর্তার বয়স

| কর্তার বয়স | উত্তরদাতার সংখ্যা | শতকরা % |
|---|---|---|
| 21-40 | 37 | 33.63% |
| 41-60 | 51 | 46.36% |
| 61-80 | 20 | 18.18% |
| 81-100 | 2 | 1.81% |
| মোট- | 110 | 100% |




উপরোক্ত সারণীতে কর্তার বয়সের ভিত্তিতে 21-40-এর মধ্যে 37 জন (33.63%), 41-60 এর মধ্যে 51 জন (46.36%), 61-80 এর মধ্যে 20 জন (18.18%), 81-100 এর মধ্যে 2 জন (1.81%),

সারণী -13 কর্তার পেশা

| কর্তার পেশা | উত্তরদাতাদের সংখ্যা | শতকরা% |
|---|---|---|
| কৃষক | 18 | 9.09% |
| শ্রমিক/দিনমজুর | 45 | 40.90% |
| চাকরি | 21 | 19.09% |
| কোনো কাজ করেনা | 7 | 6.36% |
| | N = 110 | 100% |




উপরোক্ত সারণীতে কর্তার পেশার ক্ষেত্রে 110 জনের (100%) -এর মধ্যে কৃষক হলেন 18 জন (9.09%), শ্রমিক হলেন 45 জন (40.90%), চাকুরিজীবি হলেন 21 জন (19.09%) কোনো কাজ করেনা 7 জন (6.36%)।

সারণী -14  কর্তার শিক্ষাগত যোগ্যতার

| কর্তার শিক্ষাগত যোগ্যতার | উত্তরদাতার সংখ্যার | শতকরা % |
|---|---|---|
| নিরক্ষর | 12 | 10.90% |
| প্রাইমারি | 29 | 26.36% |
| 6-9 Pass | 31 | 28.18% |
| মাধ্যমিক | 15 | 13.63% |
| উচ্চ মাধ্যমিক | 11 | 10% |
| স্নাতক | 12 | 10.90% |
| | N=110 | |




উপরোক্ত সারণীতে কর্তার শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে মোট 110 জনের (100%) -এর মধ্যে নিরক্ষর 12 জন (10.90%), প্রাইমারি 29 জন (26.36%), 6-9 Pass 31 জন (28.18%), মাধ্যমিক 15 জন (13.63%), উচ্চ মাধ্যমিক 11 জন (10%), স্নাতক 12 জন (10.90%),

সারণী-15 **পরিবারের ধরন**

| পরিবারের ধরন | উত্তরদাতার সংখ্যা | শতাংশ % |
|---|---|---|
| অণু পরিবার | 71 | 64.54% |
| একান্নবর্তী পরিবার | 39 | 35.45% |
| | N=110 | 100% |




উপরোক্ত সারণীতে পরিবারের ধরনের বিভাগে 110জনের (100%) এর মধ্যে অণু পরিবার হল 71 (64.54%), একান্নবর্তী পরিবার 39 (35.45%),

সারণী-16 পরিবারের মোট সদস্য সংখ্যা

| পরিবারের মোট সদস্য সংখ্যা | উত্তরদাতার সংখ্যা | শতকরা (%) |
|---|---|---|
| 1-3 | 25 | 22.72% |
| 4-6 | 64 | 58.18% |
| 7-9 | 19 | 17.27% |
| 10-12 | 0 | 0% |
| 13-15 | 0 | 0% |
| 16-18 | 2 | 1.81% |
| | N = 110 | 100% |




উপরোক্ত সারণীতে পরিবারের মোট সদস্য সংখ্যা 110 জন (100%) এর মধ্যে 1-3 হল 25 (22.72%), 4-6 হল 64 (58.18%), 7-9 হল 19 (17.27%), 16-18 হল 2 জন (1.81%),

